Rangdhanu
*Aus-Bangla Cultural Society Inc.*
*Reg. #INC9883917, 12 railway pde, Lakemba, nsw 2195, Phone 0432 233 532*

# প্রেস বিজ্ঞপ্তি

সম্মানিত কমিউনিটি মেম্বার,

গত ১২ই মে ২০১২ রোজ শনিবার Rangdhanu, Aus-Bangla Cultural Society Inc. Lakemba Senior Citizen Centre (Lakemba Library Hall) এ বরাবরের মত বাৎসরিক Talent Award প্রদান অনুষ্ঠানের আয়োজন করে। মূলত 'রংধনু'একটি কালচারাল organisation এবং অন্যান্য বাংলাদেশী গতানুগতিক সংগঠন গুলি থেকে একটু ব্যতিক্রম ধর্মী। উক্ত অনুষ্ঠানে প্রধান এবং বিশেষ অতিথি হিসেবে যথাক্রমে **Tony Burke,** ( Minister for Sustainability Environment, Water, Population and Communities), **Robert Furolo MP** ( Member for Lakemba) এবং **Brian Robson** (Mayor of Canterbury City Council) উপস্থিত থাকার কথা ছিল। কিন্তু অনিবার্য কারণ বশত উক্ত অতিথিবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত থাকতে পারেননি। হঠাৎ করে এভাবে আমন্ত্রিত অতিথিবৃন্দের অনুষ্ঠানে উপস্থিত না হওয়াটা উপস্থিত অভিভাবক এবং কমিউনিটি মেম্বারদের কাছে অস্বাভাবিক এবং রহস্য জনক মনে হয়েছে। সে মূহুত্বে আমাদের কাছে বিভিন্ন কমিউনিটি মেম্বার এর কারণ জানতে চাইলেও আমরা তাদের কোন সঠিক উত্তর দিতে পারিনি। অনুষ্ঠান শেষে অতিথিবৃন্দের সাথে যোগাযোগ করে যে কারণ জানতে পাই তা সত্যিই দুঃখজনক এবং বাংলাদেশী কমিউনিটির জন্য খুবই লজ্জাস্কর। কে বা কাহারা ১১ই মে রোজ শুক্রবার আনুমানিক বিকাল ৪টার দিকে অতিথিবৃন্দের অফিসে টেলিফোন করে নিজকে Rangdhanu, Aus-Bangla Cultural Society Inc. এর সভাপতি পরিচয় দিয়ে অনুষ্ঠান স্থগিত ঘোষনা করা হয়েছে বলে জানান এবং বলেন পরিবর্তিত তারিখ যথাসময়ে জানানো হবে। অতিথিদের দৃঢ় বিশ্বাস, আমাদের কমিউনিটির মধ্যে থেকে কোন এক অসৎ প্রকৃতির হিংসাপরায়ণ ব্যক্তি এ কাজ করেছে। তারা এ ধরনের অপ্রত্যাশিত অপকর্মের সাথে জড়িতদের প্রতি নিন্দা জ্ঞাপন করেন এবং উপস্থিত না হতে পারার জন্য আমাদের কাছে দুঃখ প্রকাশ করেন। অতিথিদের সাথে প্রতারণা করার জন্য বর্তমানে **Campsie Police** ব্যাপারটি তদন্ত করছে। অতিথিদের সাথে সাথে Rangdhanu, Aus-Bangla Cultural Society-ও এ ঘটনার তীব্র নিন্দা জ্ঞাপন করে এবং এ ধরনের ঘটনা যাতে কমিউনিটিতে পুনরাবৃত্তি না হতে পারে সেই জন্যে সকলকে সর্তক থাকতে অনুরোধ করেন। তদন্তের সুবিধার্থে কারো কাছে এ বিষয়ে কোন তথ্য জানা থাকলে সংশ্লিষ্ঠ অফিস অথবা **Campsie Police** কে জানানোর অনুরোধ রইলো। এ ঘটনার পর মাননীয় মন্ত্রী **Tony Burke** Rangdhanu, Aus-Bangla Cultural Society- এর কর্মকর্তাদের **সাথে এক সৌজন্য সাক্ষাতে আগ্রহ প্রকাশ করেছেন।** আগামী ৮ই জুন ২০১২, রোজ শুক্রবার তিনি রংধনু-র অফিসে (ECRC Room, **62 The Boulevarde, Lakemba-2195)** আমাদের সাথে এক চা- চক্রে অংগ্রহন করবেন।

রংধনু মনে করে তারা অন্যকোন সামাজিক সংগঠনের প্যারালাল নয় এবং অন্যকোন সংগঠনের সাথে তাদের কোন বিরোধ নেই। রংধনু অস্ট্রেলিয়ায় বসবাসকারী সকল বাংলাদেশীদের সংগঠন এবং আপনাদের আন্তরিক সহযোগিতা থাকার কারণেই আমরা বিভিন্ন কর্মকান্ডে অংশ নিতে পারি। আমরা আপনাদের যে কোন গঠনমূলক উপদেশ সাদরে গ্রহন করতে আগ্রহী।

**Md Abdul Motaleb** — **MA Wohab Miah**

**President** — **Secretary**